কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান বিষয়ক কুইজের পুরস্কার বিতরণ

বিজ্ঞান ছাড়া মানুষের বাঁচার সুযোগ নেই বলে জানিয়েছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

তিনি বলেন, আমরা সকালে ঘুম থেকে উঠে আবার রাতে ঘুমাতে যাওয়া পর্যন্ত বিজ্ঞানের সাথে আছি। বিজ্ঞান আমাদের কাজকে সহজ করে দিয়েছে। দূরকে নিকটে এনে দিয়েছে। বিজ্ঞান ছাড়া এখন কোন কিছু চিন্তাই করা যায় না। বিজ্ঞান ছাড়া জীবন এখন অচল। মেধার সাথে বিজ্ঞানের সমন্বয় ঘটালে অসম্ভবকে উৎরানো সম্ভব।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাব ও পাঠাগারের আয়োজনে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা-২০২২ এর পুরস্কার বিতরণ ও কৃতি সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

শিক্ষার্থীদের উদ্দেশে জেলা প্রশাসক বলেন, তোমরাই আগামী দিনের সোনার বাংলাদেশের রূপকার ও কারিগর। কারা পুরস্কার জিতলো আর কারা জিতলো না, সেটি বড় বিষয় নয়। এমন একটি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা সব প্রতিযোগীকে ভেতর থেকে আলোকিত করবে। তোমরা যখন বড় হবে তখন তোমরাই দেশকে নেতৃত্ব দিয়ে সঠিক পথে এগিয়ে নেবে।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে
বিশেষ অতিথির বক্তব্যে জেলা শিক্ষা অফিসার রমজান আলী আকন্দ বলেন, ‘ ‘একটি জাতির অগ্রসরে প্রধান ভুমিকা রাখে শিক্ষা। আমাদের শিক্ষকদের বেতন বৃদ্ধি, বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন, আধুনিক প্রযুক্তি সম্বলিত কম্পিউটার ল্যাব ও বিজ্ঞানাগার এর মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে বিজ্ঞান মনস্ক করে গড়ে তুলতে হবে’’।

কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাদিরা খানমের সঞ্চালনায় এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোহাঃ আনোয়ার হোসেন, সিনিয়র শিক্ষক সাইদুল ইসলাম, জাহাঙ্গীর

সিদ্দিক, হাফেজ মোঃ রুহুল আমিন, মাহমুদুল হাসান, রেজাউল করিম, মাসুদ রানা, জ্যাকুলিন ইসলাম,আস্তারী বেগম, মধুসূদন দত্ত প্রমূখ।

বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় দুই গ্রুপে ২০ জনকে ক্রেস্ট, বই ও সার্টিফিকেট প্রদান করা হয়। একই সাথে অংশগ্রহণকারী দু্শজনের মাঝে প্রত্যেককে সার্টিফিকেট প্রদান করা হয়।

জিএম কাদেরের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবীতে জাপা’র মানববন্ধন

গাংনীতে জাতীয় পার্টির চেয়ারম্যান (এরশাদ) চেয়ারম্যান জি এম কাদেরের বিরুদ্ধে সকল মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২২ নভেম্বর) বিকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়াজেন করে গাংনী উপজেলা জাতীয় পার্টি (এরশাদ)।

মানববন্ধনে নেতৃত্ব দেন উপজেলা জাতীয় পার্টির সভাপতি বাবলুর রহমান ও অন্যতম নেতা কিতাব আলী বিএসসি।এসময় পার্টির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গীতিকার, সুরকার ও

শিল্পীর মৌলিক গানের রেকর্ডিং উদ্বোধন

“শিল্প সংস্কৃতি ঋদ্ধ, সৃজনশীল মানবিক বাংলাদেশ ” প্রতিপাদ্য নিয়ে স্বাধীনতার সূবর্ণজয়ন্তী উপলক্ষে স্থানীয় গীতিকার, সুরকার ও ২৫ জন শিল্পীর পরিবেশনায় স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ২৫ টি মৌলিক গানের রেকর্ডিং কার্যক্রম উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২২ নভেম্বর) বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এই গান রেকর্ডিং আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন এই কর্মসূচির আহবায়ক মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক প্রফেসর সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর ওস্তাদ এম সাইদুর রহমান, গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর ওস্তাদ এসএম সেলিম রেজা, মুজিবনগর উপজেলা শিল্পকলা একাডেমীর ওস্তাদ আমজাদ হোসেন। এছাড়া গীতিকার, সুরকার, শিল্পী ও কলাকৌশলীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর উদ্যোগে স্থানীয় স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ এবং দেশের গান নিয়ে স্থানীয় গীতিকার, সুরকার ও শিল্পীর গাওয়া গান নিয়ে মেহেরপুর শিল্পকলা একাডেমী এই আয়োজন করে।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সমাবেশ ও মানববন্ধন

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে সমাবেশ ও মানববন্ধনের আয়োজন করা হয়। মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে সমাবেশ ও মানববন্ধনের

আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এস এম মোর্তুজা আলম (বুলবুল)।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টি সভাপতি আনছারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, জাতীয় সংস্কৃতিক পার্টি মেহেরপুর শাখার আহ্বায়ক মোঃ ইনছান আলী, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি আহম্মেদ সহ বিভিন্ন নেতাকর্মী সমাবেশ ও মানববন্ধনে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের ১২ ঘন্টার অভিযান মাদক ও নারী নির্যাতন মামলার ৫ আসামি গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমণ আইনে দায়ের হওয়া মামলার পলাতক আসামি সামসুল আলম (৫৮)। সামসুল আলম মেহেরপুর সদর থানার রাজনগর গ্রামের মৃতু মসলিম আলীর ছেলে। তার নামে নারী ও শিশু নির্যাতন দমণ আইনে দায়ের হওয়া সদর থানার মামলা নং ২৮, তারিখ ২৬/১০/২২, জিআর মামলা নং ৩৯০/২২ ইং।

অপর দিকে মাদক মামলার আসামি মেহেরপুর শহরের বেড়পাড়া গ্রামের

আব্দুল হামিরে ছেলে রনি হোসেন (৩৬), দুখু আলীর ছেলে রাব্বী হোসেন (৩৫), সদর উপজেলার পিরোজপুর গ্রামের অজের আলী মেম্বরের (সাবেক) ছেলে জিয়াউল হক (৪২) ও সিরাজুল ইসলামের ছেলে আজাদ আলী (৩৩)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময় আজ মঙ্গলবার (২২ নভেম্বর) ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে গাঁজাসহ আটক ১

গাংনীতে গাঁজাসহ মন্টু বিশ্বাস (৪৫) নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি আভিযানিক দল।

আটক মন্টু বিশ্বাস গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের মৃতু ফনি বিশ্বাসের ছেলে। মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ডিএডি আবুল হোসেনের নেতৃত্বে একটি টিম সোমবার দিবাগত রাতে বেতবাড়িয়া গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে মন্টু বিশ্বাসকে আটক করেন। এসময় তার কাছ থেকে ১৫০ গ্রাম গাঁজা জব্দ করেন বলে দাবী করেন।

এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে আসামি মন্টু বিশ্বাসকে হস্তান্তর করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আসামি মন্টু বিশ্বাসকে আজ মঙ্গলবার (২২ নভেম্বর) দুপুরের দিকে

আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে দুটি দোকানে জরিমানা

আইন বহির্ভূতভাবে বোতলজাত সয়াবিন তেলের মুল্য কালি দিয়ে মুছে অধিক মুল্যে বিক্রয় ও অপর দোকানে মেয়াদ উত্তীর্ণ ও মুল্য বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে দুটি দোকানে ১৮ হাজার জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমান অভিযান।

আজ মঙ্গলবার (২২শে নভেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় মেসার্স নবাব স্টোর ও মেসার্স গনি স্টোরে এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

এসময় জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম তাকে সহযোগীতা করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, শহরের মেসার্স নবাব স্টোরে আইন বহির্ভূতভাবে বোতলজাত সয়াবিন তেলের গায়ের মুল্য কালো কালি দিয়ে মুছে অধিক মুল্যে বিক্রয়ের প্রমাণ পাওয়া ও বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত মেয়াদ উত্তীর্ণ পণ্য পাওয়ায় মালিক মো: নবাব আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭ও ৫১ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া মেয়াদ উত্তীর্ণ ও মেয়াদ মুল্য বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স গনি স্টোরকে একই আইনের ৩৭ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এসময় দোকান দুটি থেকে মেয়াদ উত্তীর্ণ বেশ কিছু পণ্য জব্দ করে ধ্বংস করা হয়েছে।

একই সময় শহরের বেশ কিছু দোকানে সচেতনতামুলক প্রচারনার অংশ হিসেব ন্যায্যমূল্যে পণ্য বিক্রয়, পণ্যের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ ও প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে।

[redacted]

[redacted]

গাংনীতে মায়ের সামনে শিশু সন্তানের গলায় রামদা ধরে ডাকাতি

পৌরসভার ১ নং ওয়ার্ডের বাঁশবাড়িয়া গ্রামে মায়ের সামনেই শিশু সন্তানের গলায় রামদা ধরে স্বর্ণালংকার ছিনিয়ে নিয়েছে সংঘবদ্ধ ডাকাত দল।
সোমবার (২১ নভেম্বর) দিবাগত রাত ৭ টার দিকে বাঁশবাড়িয়া গ্রামের দক্ষিণপাড়া এলাকার শরিফুল ইসলামের বাড়িতে এই ডাকাতির ঘটনা ঘটেছে। ওই বাড়ির গৃহিণী জান্নাতুল খাতুন জানান, আমার স্বামী নামাজ পড়তে মসজিতে যান। এসময় আমার ছোট শিশুপুত্র টয়লেটে যাওয়ার জন্য কান্নাকাটি করছিল। আমি তাকে টয়লেটে নিয়ে যাওয়ার জন্য ঘরের দরজা খুলতেই ধারালো অস্ত্র হাতে মুখ বাঁধা ৪/৫ জন ডাকাত ঘরের মধ্যে ঢুকে পড়ে। ঘরের মধ্যে ঢুকেই আমাকে ও ছেলেকে জিম্মি করে ফেলে। পরে শিশটিকে চিৎ করে শুইয়ে দিয়ে গলায় রামদা বাঁধিয়ে গলা কেটে দেওয়ার হুমকি দেই। তারা আমার কাছে টাকা ও গয়না গাটি দাবি করে। এক পর্যায়ে ঘরের লেপ তোশকের মধ্যে থেকে চাবি বের করে বাকস ভেঙ্গে স্বর্ণের একটি চেইন, এক জোড়া বালা, এক জোড়া চুড়ি, এক জোড়া কানের দুল ও ৪ টি আঙটি নিয়ে চলে যায়। যাওয়ার সময় গৃহিণী জান্নাতুলকে লাথি মেরে ফেলে দিয়ে যায় বলে জানান তিনি।
গৃহকর্তা শরিফুল জানান, আমি এশার নামাজ পড়ে গ্রামের একটা ধর্ম সভায় যাচ্ছিলাম। বাড়িতে ডাকাতির কথা শুনেই ফিরে এসে দেখি সব নিয়ে গেছে ডাকাত দল।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, খবর পেয়ে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে। বিষয়টি নিয়ে পুলিশ কাজ শুরু করেছেন বলেও জানান তিনি।

আলমডাঙ্গায় বাসের সঙ্গে আলমসাধুর সংঘর্ষ, নিহত ১

আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়ায় যাত্রীবাহি বাস ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে ১ জন নিহত হয়েছে। স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সোমবার (২১ নভেম্বর) দুপুর ২ টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে। খবর পেয়ে হাটবোয়ালিয়া ফাঁড়িপুলিশ লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

নিহত আলমসাধু চালক জিন্নাত আলী গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে জিন্নাত আলী। সে সোমবার দুপুরে আসমানখালী বাজার থেকে হাটবোয়ালিয়ায় যাচ্ছিলো।

এসময় চুয়াডাঙ্গা থেকে আসা দ্রুতগামী যাত্রীবাহি বাস আলমসাধু গাড়ির পিছনে ধাক্কা দেয়। নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার পাশে খাদে পড়ে সে গুরুতর আহত হয় । স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।